

## শিক্ষকদের পৃথক বেতন কাঠামো নির্ধারণে শিগগিরই বেতন কমিশন শিক্ষামন্ত্রী

সীতা হিশোটার : শিক্ষামন্ত্রী মুন্সী ইলিয়াস আহিন বলেছেন, খুব শীঘ্রই শিক্ষকদের জন্য পৃথক বেতন কাঠামো নির্ধারণের জন্য বেতন কমিশন গঠন করা হবে। গতকাল (বুধবার) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (ন্যায়েম) মিলনায়তনে অনুষ্ঠিত এক শিক্ষক সম্মেলনে তিনি একথা বলেন। ন্যায়েমের মহাপরিচালক শেখ একরামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে শিক্ষামন্ত্রী বলেন, অল্প কিছুদিনের মধ্যেই সরকারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য বেতন কমিশন গঠন করা হবে। শিক্ষকদের জন্যও পৃথক বেতন কমিশন গঠন করা হবে। বর্তমান সরকার দায়িত্ব নেয়ার পরই সরকারী কর্মকর্তা-কর্মচারীদের বেতন বৃদ্ধির পাশাপাশি একই স্কেলে সরকারী ও বেসরকারী শিক্ষকদেরও বেতন ৬২ পর্যায়ে বৃদ্ধি করা হয়েছে। সম্প্রতি এমপিওভুক্ত শিক্ষকদের বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা এবং এবাতেদারি শিক্ষকদের বেতন বৃদ্ধি, টাইম বেলা প্রদানসহ সীমিত সম্পদের মধ্যেও শিক্ষকদের আর্থিক সহায়তা বৃদ্ধির চেষ্টা আমরা করছি। আগামীতেও এ ধারা অব্যাহত থাকবে। তিনি বলেন, যেসব শিক্ষকদের এখনো এমপিওভুক্ত করা সত্ত্বেও সূর্যনি তাদের জন্য আয়তায় করা পারছি। আমরা তাদের প্রতি সহানুভূতিশীল তালুকের সমস্যার সমাধানের জন্য আমরা কাজ করছি। নব্বিশ, বাদশ, আমোদে শিক্ষকদেরও মনে রাখতে হবে তাদের পেশা একটি ব্রত। তাদের ওপরই নির্ভর করা আমাদের ভবিষ্যৎ বাংলাদেশের সুনাগরিক হিসেবে গড়ে ওঠা।